মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৮

মেহেরপুর সদর ও মুজিবনগর থানার গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে নিয়মিত ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামি গ্রেফতার হয়েছে। বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (১১ মে) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার হয়।
গ্রেফতারকৃতদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১জন, সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ জন, আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও জিআর মামলায় ২ জন গ্রেফতার হয়েছে।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছ্
◌ে

জেলার শ্রেষ্ঠ ওসি নির্বাচিত হলেন গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক

মেহেরপুর জেলার শ্রেষ্ঠ চৌকস ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নির্বাচিত হয়েছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর

রাজ্জাক।

আজ মেহেরপুর জেলা পুলিশ লাইনস ড্রীল শেডে জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাককে জেলার শ্রেষ্ঠ চৌকস ওসি নির্বাচন করা হয়।

মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম, বিপিএম-পিপিএম সেবা’র সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক কল্যাণ সভায় এ ঘোষণা দেওয়া হয়।

পরে ওসি আব্দুর রাজ্জাকের হাতে ক্রেষ্ট ও পুরুস্কারের নগদ অর্থ তুলে দেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

মাসিক কল্যাণ সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন, মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) সাইফুল আলম, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল

মেহেরপুর, ডিআইও-২ জেলা বিশেষ শাখা, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই মেহেরপুরসহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সভার শুরুতে গত মার্চ ও এপ্রিল মাসের বিভিন্ন পর্যায়ে সাফল্য অর্জনের স্বীকৃতি স্বরুপ ৫ জন পুলিশ সদস্যকে নগদ অর্থ পুরস্কার প্রদান করেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

মার্চ ও এপ্রিল মাসে শ্রেষ্ট ওয়ারেন্ট তামিলকারি উপপরিদর্শক (এসআই) নির্বাচিত হয়েছেন গাংনী থানার এসআই মাসুদুর রহমান, মাদক উদ্ধারে জেলার শ্রেষ্ট অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী থানার এসআই আবুল কালাম আজাদ, বামন্দী পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই ইস্রাফিল হোসেন।

মুজিবনগর থানা পুলিশের মাদক

বিরোধী র্যালী ও সমাবেশ

মাদককে না বলি ” মাদকমুক্ত মুজিবনগর গড়ি এই প্রতিপাদ্যে মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের আয়োজনে মাদকবিরোধী র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে মুজিবনগর উপজেলার আনন্দবাস বাজারে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদীর রাসেলের নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বাজারের সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়ে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয় ।

মাদক বিরোধী র্যালী ও সমাবেসে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই সাজ্জাদ এস আই অতুল, এস আই হেকমত, এস আই বিপ্লব কুমার হালদার, এস আই সজিবুর ,আওয়ামীলীগ নেতা জাহাঙ্গীর , মুজিবনগর থানা পুলিশ সদস্য সহ আনন্দবাস গ্রামের বিভিন্ন শেণীপেশার মানুষ।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে এবং একটি মাদক মুক্ত সুন্দর ও সুস্থ সমাজ গড়তে মাদক বিক্রেতা ও মাদক সেবীদের তথ্য দিয়ে পুলিশকে সহায়তা করার মাধ্যমে মাদক মুক্ত দেশ গড়তে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

ইমরান খান ৮ দিনের রিমান্ডে

আল-কাদির ট্রাস্ট দুর্নীতি মামলায় ইসলামাবাদ হাইকোর্ট (আইএইচসি) প্রাঙ্গণ থেকে গ্রেফতার হয়েছিলেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও তেহরিক-ই-ইনসাফের প্রধান (পিটিআই) ইমরান খান। সেই মামলায় বুধবার ইসলামাবাদ পুলিশ লাইনে গঠিত বিশেষ আদালতে তোলা হয় তাকে। পরে, আদালত ইমরান খানের আটদিনের রিমান্ড মঞ্জুর করেন। খবর দ্য ডনের।

প্রতিবেদনে জানানো হয়, পিটিআই চেয়ারম্যান ইমরান খানের ১৪ দিনের রিমান্ড চেয়ে আবেদন করে ন্যাশনাল অ্যাকাউন্টেবিলিটি ব্যুরো

(এনএবি)। শুনানি শেষে বিচারক ৮ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এই মামলার শুনানি হয়েছে ইসলামাবাদ পুলিশ লাইনে গঠিত বিশেষ আদালতে। গত সোমবার এই স্থানকে আদালতের মর্যাদা দেওয়া হয়। ইমরান খানের মামলার শুনানিতে বিচারক হিসেবে দায়িত্বে ছিলেন মোহাম্মদ বশির।

শুনানির শুরুতে এনএবি ইমরানের ১৪ দিনের রিমান্ড মঞ্জুর করার জন্য আদালতকে অনুরোধ করে। তবে, এর বিরোধীতা করেন পিটিআই প্রধানের আইনজীবী খাজা হারিস। আইনজীবী বলেন, ‘আল-কাদির ট্রাস্ট মামলাটি ব্যুরোর পরিধির মধ্যে পড়েনি। এমনকি, এনএবি এখনও তদন্ত প্রতিবেদনও শেয়ার করেনি।’

খাজা হারিস বলেন, ‘প্রত্যেকেরই সুষ্ঠু বিচারের অধিকার আছে। এই শুনানি একটি খোলা আদালতে হতে পারতো। আল-কাদির ট্রাস্টের আওতায় যে বিশ্ববিদ্যালয় হচ্ছে সেখানে বিনামূল্যে মানুষ শিক্ষা গ্রহণ করতে পারে।’

অন্যদিকে, এনএবির আইনজীবীর বলেন, ‘যখন ইমরান খানকে গ্রেফতার করা হয় তখন তাকে গ্রেফতারি পরোয়ানার কাগজ দেখানো হয়েছিল।’ তদন্ত প্রতিবেদনের জবাবে এনএবির আইনজীবী বলেন, ‘যথাযথ কাগজপত্র প্রয়োজনে জমা দেওয়া হবে।’ তিনি আরও বলেন, ‘এটি একটি দুর্নীতির মামলা, যার প্রমাণ দিয়েছে বিট্রিশ ন্যাশনাল ক্রাইম এজেন্সি (এনসিএ)।’

শুনানির সময় ইমরান খান আদালতকে বলেন, ‘যখন আমাকে গ্রেফতার করা হয়, তখন পরোয়ানা দেখানো হয়নি। ব্যুরোর অফিসে নেওয়ার পর সেটি দেখানো হয়েছে। ২৪ ঘণ্টা ধরে আমি বাথরুমে যাইনি। আমার একজন চিকিৎসকের প্রয়োজন।

সূত্র: খবর দ্য ডন

গাংনী থানায় বিশেষ অবদানের স্বীকৃতি পেল ওয়াচার কনস্টেবল ইকরামুল

মেহেরপুর জেলা পুলিশের আয়োজনে গত এপ্রিল মাসের কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ই মে) পুলিশ লাইন্স ড্রিলসেডে মাসিক কল্যাণ সভায় মেহেরপুর জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্সদের মধ্যে ভালো কাজের স্বীকৃতিস্বরুপ নগদ অর্থ ও ক্রেস্ট প্রদান করা হয়।

জেলা পুলিশের সদস্যদের নিয়ে আয়োজিত উক্ত মাসিক কল্যাণ সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম ও অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন।

২০২৩ সালের এপ্রিল মাসের কল্যাণ সভায় জেলা পুলিশের সদস্যরা পুলিশ সুপারের নিকট তাদের সমস্যার কথা তুলে ধরেন। পুলিশ সুপার তাদের সমস্যাগুলো তাৎক্ষণিক সমাধানসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এসময় মেহেরপুর জেলা গাংনী থানা এলাকার ওয়াচার কনস্টেবল হিসেবে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরুপ ইকরামুল হককে নগদ অর্থ ও ক্রেস্ট প্রদান করা হয়। ইকরামুল হক ২০২১ সালের ২০-ই জুন মেহেরপুর জেলা ডিএসবি শাখায় যোগদান করেন এবং গাংনী থানায় ওয়াচার কনস্টেবল হিসেবে কর্মরত রয়েছেন। তিনি তার এই অবদানের স্বীকৃতি দেওয়ায় পুলিশ সুপারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে

গ্রেফতার-১৬

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ১৬ আসামি গ্রেফতার হয়েছে।
আসামিদের মধ্যে নিয়মিত মামলায় ৬ জন আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৭ ও জিআর মামলায় ৩ জন।
গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (১০ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট একাধিক অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ ৭ জন, মেহেরপুর সদর থানা পুলিশ ৫ জন ও মুজিবনগর থানা পুলিশ ৪ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামিদের আজ বুধবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

মুজিবনগর থানা পুলিশের মাদক বিরোধী র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত

মাদককে না বলি ” মাদকমুক্ত মুজিবনগর গড়ি এই প্রতিপাদ্যে মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের আয়োজনে মাদকবিরোধী র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মুজিবনগরের প্রাণকেন্দ্র কেদারগঞ্জ বাজারে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদীর রাসেলের নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বাজারের সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয় ।

এসময় মাদক বিরোধী র্যালীতে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই উত্তম, এস আই হেকমত, এস আই বিপ্লব কুমার হালদার, এস আই সজিবুর রহমান এবং বাগোয়ান ইউপি সদস্য বাবুল মল্লিক , মোনাখালী

ইউপি সদস্য ডালিম, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন, যুবনেতা হাসানুজ্জামান লালটু,সহ মুজিবনগর থানা পুলিশ ও বাজারের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভ্রাম্যমান আদালতে দুটি প্রতিষ্ঠানকে ২২ হাজার টাকা জরিমানা

মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রয় করা ও মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা এবং রঙ মেশানো সাদা চালকে লাল চাল বলে বিক্রয়ের অপরাধে দুটি প্রতিষ্ঠাণকে ২২ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ আজ মঙ্গলবার দুপুৃরে সদর উপজেলার চাঁদবিল ও আমঝুপি বাজার এলাকার দুটি প্রেতিষ্ঠানে ভ্রাম্যমাণ অভিযান চালান।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ বলেন, সদর উপজেলার চাদবিলে মেসার্স আনারুল স্টোর নামক প্রতিষ্ঠানে মেয়াদ উত্তীর্ণ পণ্য রেখে বিক্রয় করা ও মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া অপর প্রতিষ্ঠান আমঝুপি বাজার এলাকার মেসার্স আলমিজ ট্রেডার্সকে চালসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও রঙ মেশানো সাদা চালকে লাল চাল বলে বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৪৫ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম ভ্রাম্যমান অভিযানে সহযোগিতা করেন।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। অভিযানে এলাকার বেশ কিছু মুদিখানা, ফার্মেসি, হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

মেহেরপুরে অনলাইন কজ লিস্ট উদ্বোধনঃ আদালতের সকল তথ্য এখন হাতের মুঠোয়

স্মার্ট বিচার বিভাগ বাস্তবায়নের উদ্দেশ্যে “সকল মামলার তথ্য এক ঠিকানায়” এই স্লোগানকে সামনে রেখে সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় সারা দেশের জেলা পর্যায়ের আদালতসমূহের তথ্য অনলাইনে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্লে স্টোর থেকে মোবাইলে “আমার আদালত” অ্যাপ ডাউনলোড করে এবং মোবাইল বা কম্পিউটার থেকে https://causelist.judiciary.gov.bd/ এই ঠিকানায় ভিজিট করে পৃথিবির যেকোন প্রান্ত থেকে এখন আদালতের বিচারাধীন মামলার হালনাগাদ তথ্য, মামলার পরবর্তী তারিখ, রায় এবং আদেশ জানা যাবে। ইতিমধ্যে ৪২ টি জেলায় এই কার্যক্রম উদ্বোধন করা হয়েছে।

আজ এক ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে মেহেরপুর জেলায় অনলাইন কজলিস্ট পরিচালনার কার্যক্রম উদ্বোধন করেন মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ।

উক্ত অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন এটু আই জুডিসিয়ারি টিমের অতিরিক্ত জেলা ও দায়রা জজ ফারজানা খান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ সাব্বির মাহমুদ চৌধুরী এবং যুগ্ম জেলা ও দায়রা জজ মোঃ মাহবুব সোবহানী। এছাড়া সংযুক্ত ছিলেন বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এবং মেহেরপুরের সকল বিচারক, ম্যাজিস্ট্রেট এবং আদালতের সহায়ক কর্মচারীবৃন্দ। এটুআই জুডিসিয়ারি টিমের পক্ষ থেকে ব্যবহারিক সেশন পরিচালনা করেন মোঃ মাহবুব সোবহানী। আটুআই জুডিসিয়ারি টিমের

পক্ষ থেকে এই কার্যক্রমে স্বতস্ফুর্ত অংশ গ্রহনের জন্য অতিরিক্ত জেলা জজ ফারজানা খান মেহেরপুর বিচার বিভাগের সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং স্মার্ট বিচার বিভাগের পথে মেহেরপুরের এই যাত্রায় আটুআই এর পক্ষ থেকে সর্বাত্তক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সিনিয়র জেলা ও দায়রা জজ মো শহিদুল্লাহ মেহেরপুর জেলায় অনলাইন কজলিস্ট পরিচালনার কার্যক্রম উদ্বোধন ঘোষনা করেন এবং সমাপনি বক্তব্য প্রদান করেন।

সমাপনি বক্তব্যে তিনি মেহেরপুরের সকল বিচারক, ম্যাজিস্ট্রেট এবং কর্মচারিদের প্রতিদিনের মামলার হালনাগাদ তথ্য অনলাইনে ইনপুট দেওয়ার নির্দেশ প্রদান করেন। এটুআই প্রোগ্রাম কর্তৃক এমন যুগান্তকারী একটি উদ্যোগ গ্রহন করায় তিনি সরকার এবং এ টুআই জুডিসিয়ারি টিমকে ধন্যবাদ জানান। স্মার্ট জুডিসিয়ারি বিনির্মানে মেহেরপুর বিচার বিভাগ তার সর্বোচ্চটি দিয়ে কাজ করবে বলেও তিনি উল্লেখ করেন। ভার্চুয়াল

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়ার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ।

ঝিনাইদহে স্কুলছাত্রীকে অপহরণের পর ধর্ষণ মামলায় যুবকের যাবজ্জীবন

ঝিনাইদহে এক স্কুলছাত্রীকে অপহরণের পর ধর্ষণের মামলার দুটি ধারায় এক যুবকের যাবজ্জীবন ও ১৪ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার (৯ মে) সকাল সাড়ে ১১টার দিকে ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. মিজানুর রহমান এ দণ্ডাদেশ দেন।

দণ্ডাদেশে তিনি উল্লেখ করেন, হরিণাকুন্ডু উপজেলার এক ছাত্রীকে অপহরণ ও ধর্ষণের ঘটনা প্রমাণ হওয়ায় ধর্ষক আমিরুল ইসলামকে (৩৩) এ

দণ্ডাদেশ প্রদান করেন আদালত। একই সঙ্গে তাকে তিন লাখ টাকা জরিমানাও করা হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০০৮ সালের ১৫ মে হরিণাকুন্ডু উপজেলার সপ্তম শ্রেণির এক স্কুলছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে অপহরণ করে নিয়ে যায় ভায়না গ্রামের আমিরুল ইসলাম। সে দুদিন মেয়েটিকে ঝিনাইদহ শহর ও হরিণাকুন্ডুর সাতব্রিজ এলাকায় আটকে রেখে ধর্ষণ করে। পরে ১৭ মে ঝিনাইদহ শহরের কলাহাট এলাকায় তাকে ফেলে পালিয়ে যান আমিরুল ইসলাম।

এ ঘটনায় ২৯ মে ভিকটিমের মা বাদী হয়ে হরিণাকুন্ডু থানায় আমিরুলকে আসামি করে মামলা দায়ের করেন। পুলিশ তদন্ত শেষে ওই বছরের ২৯ জুলাই আমিরুলকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করে। দীর্ঘদিন বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ধর্ষণের দায়ে আমিরুলকে যাবজ্জীবন কারাদণ্ড ও দুই লাখ টাকা জরিমানা এবং অপহরণের দায়ে ১৪ বছরের কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা করেন।